

চমৎকার চিঠি

নন্দিতা বন্দ্যোপাধ্যায়

১

জীবন - আজীবন বয়ে চলো

অক্ষর-হৃৎ শব্দ - হৃৎ বাক্য হৃৎ

বসন্তশরৎ হেমন্তগ্রীষ্ম বর্ষাশীত

সূর্য বাতাস আলো অগ্নি চাঁদ ও আঁধার

বৃষ্টি মেঘ শব্দ শ্রোত জল পারাপার

বয়ে চলো বয়ে চলো হে চলো

চিঠি চমৎকার

১৮

গোপন হয়ে গোপনে বেঁচে আছি

চিঠির অপেক্ষায়—

ঋতু চলে যায়, পৃথিবী ভ্রমণে

ফিরে আসে আপন ঘরে

অথচ চিঠি আসার সুসংবাদ নেই

চিঠি কি মৃত্যুর মতো গোপনতা চায়

অথচ জীবিত আমরা

চিঠি তুল্লা অপার...

মৃত্যুর পর চিঠি আসবে কোন ঠিকানায় ?

১৯

চিঠির কোনও দরজা থাকে না
শরীর জুড়ে অবৈধ জানলা সারিসারি
বন্ধ থাকে—ধীরে ধীরে খুলেও যায়
চিঠি যদি করে পারাপার

চিঠিরও চিঠি-তুল্লা আছে
গাছ ও মেঘেদের মতো
হঠাৎ ঠিকানার চিঠি-খুশি যেমন

চিঠির দরজা থাকে না। বাইরেটা নিপাট
অথচ স্পর্শ পেলেই,
চিঠির ভিতর জেগে ওঠে প্রাণ, পরাণ।

২৪

রৌদ্রের ভিতর জ্বলে উঠছে
রক্তাক্ত বিশ্বাস
ভালোবাসার চিঠি বিলি করছে
অন্ধ জেনাকি

সবাই ভালো থাকতে চেয়েছিল